




উনসত্তরের গণঅভ্যুত্থান স্বাধীনতার পথ রচনা করেছিল: প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

উনসত্তরের গণঅভ্যুত্থানকে বাংলাদেশের স্বাধিকার ও স্বাধীনতার পথচলার এক গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে উল্লেখ করেছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুস। ‘গণঅভ্যুত্থান দিবস’ উপলক্ষে শুক্রবার দেওয়া এক বাণীতে তিনি এ মূল্যায়ন করেন।

তিনি বলেন, ভাষা আন্দোলন থেকে শুরু করে ছয় দফা, পরবর্তীতে ১১ দফা এবং ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান—এই ধারাবাহিক আন্দোলনই জাতিকে মুক্তিযুদ্ধের দিকে নিয়ে যায় এবং স্বাধীনতার ভিত্তি মজবুত করে। সে সময় স্বৈরশাসন ও দমননীতির বিরুদ্ধে জানুয়ারি জুড়ে ছাত্র ও সাধারণ মানুষের প্রতিবাদে দেশ জেগে ওঠে। ২৪ জানুয়ারি সেই আন্দোলন সর্বসত্তরের মানুষের অংশগ্রহণে এক বিস্তৃত গণবিস্ফোরণে রূপ নেয়।

বাণীতে তিনি স্মরণ করেন, কারফিউ উপেক্ষা করে মিছিল বের করলে পুলিশের গুলিতে ঢাকার নবকুমার ইনস্টিটিউটের নবম শ্রেণির শিক্ষার্থী মতিউর রহমান মল্লিক শহিদ হন। একই সময়ে মকবুল, আনোয়ার, রুস্তম, মিলন, আলমগীরসহ আরও অনেকে প্রাণ দেন।

প্রধান উপদেষ্টা বলেন, অতীতের গণআন্দোলন ও গণঅভ্যুত্থানগুলোর মতোই এসব আত্মত্যাগ আজও তরুণ প্রজন্মকে সাহস জোগায়। তিনি উনসত্তরের সকল শহিদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে আহ্বান জানান, সেই সংগ্রামের চেতনা ধারণ করে একটি সত্যিকার গণতান্ত্রিক সমাজ প্রতিষ্ঠায় একযোগে কাজ করার। পাশাপাশি দেশের মুক্তিসংগ্রামে আত্মত্যাগকারীদের রূহের মাগফেরাত কামনা করেন।